MD's Secretariat, DSE

| | |
|---|---|
| ☐ COO | ☐ CRO |
| ☐ CTO | ☐ CFO |
| ☐ GM (MDD) | ☐ GM (HR & Admin) |
| ☐ Company Secretary | ☐ MANCOM |
| ☐ Public Relations | ☐ Internal Audit |
| ☐ Legal Affairs | ☐ |
| Date: 14 SEP 2025 | Sign: |

14 SEP 2025

TAD Pls email to all TREC

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মার্কেট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন ডিভিশন

মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট

www.sec.gov.bd

বিএসইসি/এমআইআইডি/২০২৩-৩৬/০৪

তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়: সতর্ককরণ বার্তাটি ওয়েবসাইটে প্রচার ও সকল ট্রেক হোল্ডারদের প্রচারের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

সাম্প্রতিক সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের বিভিন্ন পেজ বা আইডির মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করা হচ্ছে। প্রতারকচক্র বিভিন্ন রকম চটকদার লোভনীয় বিনিয়োগের প্রলোভন দেখিয়ে বিনিয়োগকারীদের বিভ্রান্ত করছে। এমতাবস্থায় সাধারণ বিনিয়োগকারীগণকে সচেতন থাকা আবশ্যক বলে প্রতীয়মান হয়।

এ লক্ষ্যে একটি সতর্ককরণ বার্তা আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য এতদসংগে প্রেরণ করা হলো। একই সাথে সকল ট্রেকহোল্ডারের প্রধান শাখাসহ সকল শাখার নোটিশবোর্ডে সতর্কবার্তাটি প্রদর্শন এবং সকল গ্রাহককে পোর্টফোলিও স্টেটমেন্ট প্রদানের সময় উক্ত সতর্কবার্তাটি প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

*সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পক্ষে

09.09.2025

মু. আব্দুল আউয়াল
সহকারী পরিচালক
মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট, বিএসইসি।
ই-মেইল: awal@sec.gov.bd

কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১) ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি;

২) ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি; ও

৩) প্রেসিডেন্ট, ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১) পিএস টু চেয়ারম্যান, বিএসইসি; ও

২) সকল পিও টু কমিশনার, বিএসইসি।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মার্কেট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন ডিভিশন

মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট

www.sec.gov.bd

**সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম হতে সতর্ক থাকার জন্য বিনিয়োগকারীদের জন্য সতর্কবার্তা:**

## সতর্কবার্তা

১। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারকচক্র পুঁজিবাজারে বিনিয়োগের জন্য লোভনীয় প্রস্তাব করে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রাথমিক অনুসন্ধানে কিছু ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের সন্ধান পায়। ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের নাম ও লিংক নিম্নে প্রদান করা হলো:

| ক্রম | আইডি/গ্রুপের নাম | লিংক |
|---|---|---|
| ১ | শখের শেয়ার বাজার | https://www.facebook.com/ profile.php?id=61579790072044 |
| ২ | BD STOCK EXCHANGE (DSE & CSE) | https://www.facebook.com/ groups/391580888653809/ |
| ৩ | Momin Dse | https://www.facebook.com/ groups/391580888653809/user/ 100016058347627/ |
| ৪ | Ashakaa Rasul Noomani | https://www.facebook.com/groups/391580888653809/user/ 100008105401350/ |
| ৫ | শেয়ার মার্কেট সাকসেস স্ট্রাটেজিস | https://www.facebook.com/ groups/391580888653809/ user/61 574056896483/ |
| ৬ | বাজার বিশ্লেষণ | https://www.facebook.com/profile.php?id=61579257136367 |
| ৭ | আশিকুর রহমান আশিক | https://www.facebook.com/asikura.rahamana.asika.371807 |
| ৮ | Anika Sarah (Consultancy Assetmanagement) | https://www.facebook.com/anika.sarah.142 |
| ৯ | PUBLIC BUSINESS CLUB | https://www.facebook.com/groups/1421914744614089/ |
| ১০ | Planned Investment | https://www.facebook.com/groups/1768873286596084/ |
| ১১ | Caleb Wright | https://www.facebook.com/profile.php?id=61579983105760 |

এসকল ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের মাধ্যমে নিয়মিতভাবে পুঁজিবাজারে বিভিন্ন সিকিউরিটিজের মূল্য হ্রাস-বৃদ্ধি বিষয়ে বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে। Bangladesh Securities and Exchange Commission (Research Analyst) Rules, 2013 অনুযায়ী শুধুমাত্র (1) Merchant Bankers, (2) Stock-dealer/Stock-broker, (3) Asset Management Companies, (4) Investment Advisers, (5) Independent Research Firms প্রতিষ্ঠান সমূহ শুধুমাত্র Research Analyst হিসেবে নিবন্ধিত হতে পারে এবং পুঁজিবাজারের সিকিউরিটিজের মূল্যের হ্রাস/বৃদ্ধি সম্পর্কে বিভিন্ন মতামত প্রদান করতে পারে। এক্ষেত্রে উল্লিখিত গ্রুপ/আইডি সমূহ এই আইনের আওতায় নিবন্ধিত নয়। এমতাবস্থায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে এ ধরনের সকল বিনিয়োগ পরামর্শ গ্রহণের বিষয়ে সতর্ক থাকার জন্য সাধারণ বিনিয়োগকারীগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। পুঁজিবাজারে বিনিয়োগের জন্য বিও আইডি থাকা (BO ID) আবশ্যক, যা নিবন্ধিত স্টক ব্রোকার বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট এর মাধ্যমে খোলা হয়। নিজ নামে বিও হিসাব (BO ID) ব্যতিরেকে এবং নিবন্ধিত স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারের মাধ্যম ছাড়া পুঁজিবাজারে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় বা আর্থিক লেনদেন না করার জন্যও অনুরোধ করা হলো।

৩। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারক চক্রের বিষয়ে বা পুঁজিবাজার সংক্রান্ত যে কোন অনিয়মের বিষয়ে তথ্য পাওয়া গেলে তা কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্টের ই-মেইলে (intel@sec.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।